

খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা।

নিয়োগ বিজ্ঞপ্তি

খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের ঢাকাস্থ লিয়াঁজো অফিসের জন্য নিম্নোক্ত শূন্য পদগুলি সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্তে নিম্নে বর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে বাংলাদেশের স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যানের অনুকূলে যে কোন তফসিল ব্যাংক বরাবরে ৫০/- (পঞ্চাশ) টাকার (অফেরৎযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ স্ব-হস্তে লিখিত আবেদন আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বয়সসীমা	জাতীয় বেতন স্কেল'২০১৫	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭
১.	নিরাপত্তা প্রহরী	০২	অনুর্দ্ধ ৩০ বছর	(২০তম গ্রেড) ৮২৫০-২০০১০	অষ্টম শ্রেণি উত্তীর্ণ হতে হবে।	কেডিএ'র ঢাকাস্থ লিয়াঁজো অফিস কাম রেস্ট হাউজে ডিউটির জন্য। ঢাকায় বসবাসরত আবেদনকারীদের অগ্রাধিকার দেয়া হবে।
২.	পরিচ্ছন্নতা কর্মী	০১	অনুর্দ্ধ ৩০ বছর	(২০তম গ্রেড) ৮২৫০-২০০১০	অষ্টম শ্রেণী উত্তীর্ণ হতে হবে। পেশাদার সুইপার শ্রেণিকে অগ্রাধিকার দেওয়া হবে।	

শর্তাবলী

- ০১। প্রার্থীদেরকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ০২। আবেদন অবশ্যই স্ব-হস্তে লিখিত এবং স্বাক্ষরিত হতে হবে। টাইপ/কম্পিউটার কম্পোজকৃত আবেদন গ্রহণযোগ্য নয়।
- ০৩। সাদা কাগজে (স্পষ্ট অক্ষরে) আবেদনকারীর পূর্ণ নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, ফোন/ মোবাইল নম্বর, নিজ জেলার নাম, জন্ম তারিখ, বয়স, শিক্ষাগত যোগ্যতা, ধর্ম, জাতীয়তা, অভিজ্ঞতা (যদি থাকে) ইত্যাদি উল্লেখপূর্বক আবেদন চেয়ারম্যান, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা এর বরাবর আগামী ১৫/০৩/২০২০ তারিখের মধ্যে ডাকযোগে বা সরাসরি অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০৪। ১৫/০৩/২০২০ তারিখে সংশ্লিষ্ট পদের প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বৎসর। তবে মুক্তিযোদ্ধার নাতি/ নাতনীর ক্ষেত্রে বয়স ৩০ বৎসর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ০৫। সরকারি বিধি বিধান অনুসরণ করা হবে।

স্বাঃ/

(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল মুকিম সরকার,
পিবিজিএম, এনডিসি, পিএসসি)

চেয়ারম্যান
খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা।